

কওমী সনদের স্বীকৃতির বিষয়ে প্রধানমন্ত্রীর ঘোষণা আশ্বাস পর্যায়ে থাকার আশঙ্কা

ইনকিলাব রিপোর্ট

কওমী মাদ্রাসা সনদের স্বীকৃতি বিষয়ে প্রধানমন্ত্রী গতকাল যে ঘোষণা দিয়েছেন তা একটি আশ্বাস-অথবা নীতিগত সিদ্ধান্ত। কওমী মাদ্রাসার সাথে সংশ্লিষ্ট একটি মহল এ বিক্রিয়া ব্যক্ত করেছেন। তারা বলেন, ওলামায়ে কেরামের উপস্থিতিতে প্রধানমন্ত্রীর ঘোষণার মাধ্যমে এ মুহূর্তে কওমী মাদ্রাসার বিরুদ্ধে ওলামায়ে কেরামকে বিভক্ত করার চক্রান্ত করেছিল তা চরমভাবে হেঁচট খেয়েছে। তাদের মতে, প্রধানমন্ত্রীর ঘোষণা কেবল ১১-এর পৃঃ ৫-এর কথা দেখুন।

প্রধানমন্ত্রীর ঘোষণা আশ্বাস পর্যায়ে

৩য় পৃষ্ঠার পর

ঘোষণার মধ্যেই সীমাবদ্ধ। কারণ প্রধানমন্ত্রী তার ঘোষণা ব্যতীয়া শিকামন্ত্রীর সাথে বসে একটি টার্মফোর্স গঠন করে নীতিমালা তৈরী করতে গিয়েছেন এবং টার্মফোর্সের নীতিমালাকেই তিনি অনুমোদন দেবেন। এ বিষয়ে তারা বলেন, শিকামন্ত্রী জামায়াতে ইসলামীর পরামর্শ অনুযায়ী কওমী সনদের স্বীকৃতির বিষয়ে উত্তরায় জামায়াত, ঘরানার মেজবাহ ফাউন্ডেশনে চক্রান্তমূলক বৈঠক করে তার পছন্দমত একটি কমিটি গঠন করেছিল। যে কমিটি শায়খুল হাদীসের কঠিন কর্মসূচীর ফলে বাতিল করতে সরকার বাধ্য হয়েছে। সেই শিকামন্ত্রীকেই আবারো টার্মফোর্স গঠনের দায়িত্ব দেয়া হয়েছে। সুতরাং আবারো যে জামায়াতের চক্রান্ত হবে না এমন নিশ্চয়তা নেই। বরং টার্মফোর্স গঠন নিয়ে জামায়াতের চক্রান্ত অনুযায়ী শিকামন্ত্রী যে একটি অনিশ্চিত অবস্থায় সৃষ্টি করবেন না, এমন বিশ্বস্ততা তিনি অর্জন করতে পারেননি। বিগত শিক্ষক আন্দোলন ইসলামী আর্দবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার বিষয়ে শিকামন্ত্রীর ডুমিকা দারুণভাবে নিশ্চিত হয়েছে। সুতরাং কওমী সনদের স্বীকৃতির বিষয়েও তিনি মতলববাজি করবেন না, তার গ্যারান্টি কোথায়? আর শিকামন্ত্রীর মতলববাজির মাধ্যমে টার্মফোর্স গঠন নিয়ন্ত্রিত হলে প্রধানমন্ত্রীর ঘোষণা কেবল ঘোষণা বা আশ্বাসের মধ্যেই সীমাবদ্ধ থাকবে, তা বিচিত্র কিছু নয়। তাছাড়া কওমী সনদের স্বীকৃতি নিয়ে ওলামায়ে কেরামদের মতনৈক্য পরিলক্ষিত হয়েছে। প্রধানমন্ত্রীর ঘোষণার পর যে ৯ জন ওলামায়ে কেরাম প্রধানমন্ত্রীর সাথে চা-চক্রে মিলিত হয়েছিলেন সেখানে বড়ী ব উবায়দুল হক টার্মফোর্স গঠনে যে প্রস্তাব দিয়েছিলেন তা সকলে মেনে নিলেও মুফতী ফজলুল হক আমিনী উচ্চ ডালিকার পাশাপাশি আরো এক বা একাধিক নামের প্রস্তাব করেছেন বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে। সুতরাং শুরুতেই এ বিভাজনকে যে জামায়াতে ইসলামী লুফে নেবে না, এমন নিশ্চয়তা নেই।

উল্লেখ্য, কওমী সনদের স্বীকৃতি প্রধানমন্ত্রীর ঘোষণার প্রেক্ষিতে ওলামায়ে কেরামদের নিয়ে একটি টার্মফোর্স গঠনের বিষয়ে শিকামন্ত্রীর সাথে উচ্চ পর্যায়ে ওলামায়ে কেরামদের এক বৈঠক